



তথ্যবিবরণী

নম্বর-১৮৫

সিরাজগঞ্জে বিজয়ের উল্লাসে তারুণ্যের উচ্ছ্বাসে শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২১ মাঘ (০৪ ফেব্রুয়ারি):

আজ মঙ্গলবার (০৪ ফেব্রুয়ারি) সকালে সিরাজগঞ্জ অফিসার্স ক্লাবে জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস আয়োজিত তারুণ্য উৎসব উদযাপন উপলক্ষে 'বিজয়ের উল্লাসে, তারুণ্যের উচ্ছ্বাসে' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক লিটুস লরেন্স চিরান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি বলেন, তারুণ্যই আগামীর দিক নির্দেশক। এজন্য তারুণদের কারিগরি শিক্ষা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে আগ্রহী করে তুলতে হবে। তারুণ্যের উৎসব- ২০২৫ তারুণদের মধ্যে জাতীয় ঐক্য স্থাপন, সৃজনশীলতা ও উদ্ভাবনী শক্তি বিকাশ, সামাজিক এবং সাংস্কৃতিক মূল্যবোধের প্রচার, পরিবেশ সচেতনতা ও দায়িত্বশীলতা বৃদ্ধি করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এদেশের পরিবর্তন এনে দিয়েছে। জীবন্ত সাক্ষী হতে তারুণরা রাজপথে সক্রিয় ছিল। আজকে দুই ধরনের সুযোগ এসেছে তারুণদের সামনে- দেশ সংস্কার করে এগিয়ে নেওয়া এবং তাদেরকে যোগ্য নাগরিক করে গড়ে তোলা। ছাত্রদের মূল কাজ হচ্ছে শিক্ষা অর্জন করে নিজেকে ভবিষ্যতে সুনাগরিক হিসেবে গড়ে তোলা।

অতিরিক্ত জেলা প্রশাসক গনপতি রায় এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন অতিরিক্ত পুলিশ সুপার মো. জিয়াউর রহমান এবং ডেপুটি সিভিল সার্জন জুলি আক্তার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসের উপপরিচালক মোহাম্মদ আলী।

এসময়ে আরো বক্তব্য রাখেন, জেলা পরিসংখ্যান অফিসের উপপরিচালক মাহমুদা খাতুন, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মো. শরিফুল ইসলাম, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক প্রতিনিধি টি এম মুশফিক সাদ, মুনতাসীর হাসান মেহেদী, সজিব সরকার, ইয়াছিন আরাফাত ইশান, সাদিয়া আহম্মেদ সিনহা মেহেদী হাসান সাবিত, আসির ইন্তেসার অয়ন এবং মোহাইমেন তামিম। সভায় বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, স্কাউট ও ছাত্র প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

.....

তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৬.১৫ঘ.